

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৩৭

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা (کتاب صلاة المسافرین وقصرها) পরিচ্ছেদঃ ৬/২৬. রাতের সালাতে দ্আ এবং রাতে সালাতে দগুয়মান হওয়া।

الدعاء في صلاة الليل وقيامه

আরবী

حديث ابْنِ عَبَّاسٍ، قَالَ: بِتُّ عِنْدَ مَيْمُونَةَ، فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَى الْقَرْبَةَ، فَأَطْلَقَ شِنَاقَهَا، ثُمَّ تَوَضَّاً وُضُوءًا مَيْنَ وُضُوءًا، غَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ ثُمَّ نَامَ، ثُمَّ قَامَ فَأَتَى الْقِرْبَةَ، فَأَطْلَقَ شِنَاقَهَا، ثُمَّ تَوَضَّاً وُضُوءًا بَيْنَ وُضُوءَيْنِ لَمْ يُكْثِرْ، وَقَدْ أَبْلَغَ، فَصَلَّى، فَقُمْتُ فَتَمَطَّيْتُ كَرَاهِيَةَ أَنْ يَرَى أَنِي كُنْتُ الْرِقْبُهُ، فَتَوَضَّأَتُ، فَقَامَ يُصِلِّي، فَقُمْتُ عَنْ يَسَارِهِ، فَأَخَذَ بِأُذُنِي فَأَدَارَنِي عَنْ يَمِينِهِ، أَرْقَبُهُ، فَتَوَضَّأَتُ مُ فَقَامَ يُصِلِّي، فَقُمْتُ عَنْ يَسَارِهِ، فَأَخَذَ بِأُذُنِي فَأَدَارَنِي عَنْ يَمِينِهِ، فَتَتَامَّتُ صَلَاتُهُ ثَلاثَ عَشْرَةَ رَكْعَةً، ثُمَّ اضْطَجَعَ فَنَامَ حَتَّى نَفَخَ، وَكَانَ إِذَا نَامَ نَفَخَ، فَآذَنَهُ بِلِالٌ بِالصَّلاَةِ فَصَلَلَى وَلَمْ يَتَوَضَّاء وَكَانَ يَقُولُ فِي دُعَاثِهِ: اللهُمَّ اجْعَلْ فِي قَلْبِي نُورًا، وَفِي بَكِرِي نُورًا، وَفِي سَمْعِي نُورًا، وَعَنْ يَمِينِي نُورًا، وَعَنْ يَسَارِي نُورًا، وَفَقِقِي نُورًا، وَفِي المُوي نُورًا، وَاجْعَلْ لِي نُورًا، وَعَنْ يَسَارِي نُورًا، وَفَوْقِي نُورًا، وَاجْعَلْ لِي نُورًا وَعَنْ يَسَارِي نُورًا، وَفَوْقِي نُورًا، وَلَا اللّهُمَّ اجْعُلُ فِي عَنِ ابْنِ عَبَّاسٍ وَسَبْعٌ فِي التَّابُوتِ، فَلَقَيْتُ رَجُلًا مِنْ وَلَدِ الْعَبَّاسِ فَطَدَّتُنِي بِهِنَّ فَذَكَرَ عَصَبِي وَلَحْمِي وَسَعَرِي وَبَشَرِي، وَذَكَرَ خَصَلْتَيْنِ

বাংলা

৪৩৭. ইবনু 'আব্বাস (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমি মাইমূনাহ (রাযি.)-এর ঘরে রাত কাটালাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে তাঁর প্রয়োজনাদি সেরে মুখ-হাত ধুয়ে শুয়ে পড়লেন। কিছুক্ষণ পরে আবার জেগে উঠে পানির মশকের নিকট গিয়ে এর মুখ খুললেন। এরপর মাঝারি রকমের এমন অযূ করলেন যে, তাতে অধিক পানি লাগালেন না। অথচ পুরা 'উযূই করলেন। অতঃপর তিনি সালাত আদায় করতে লাগলেন। তখন আমিও জেগে উঠলাম। তবে আমি কিছু দেরী করে উঠলাম। এজন্য যে, আমি এটা পছন্দ করলাম না যে, তিনি আমার অনুসরণকে দেখে ফেলেন। যা হোক আমি অযূ করলাম। তখনও তিনি দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন। সুতরাং আমি গিয়ে তাঁর বাম দিকে দাঁড়িয়ে গেলাম। তখন তিনি আমার কান ধরে তাঁর ডান দিকে আমাকে ঘরিয়ে নিলেন।



এরপর তাঁর তেরো রাক'আত সালাত পূর্ণ হলো। অতঃপর তিনি আবার কাত হয়ে ঘুমিয়ে পড়লেন। এমনকি নাক ডাকাতেও লাগলেন। তাঁর অভ্যাস ছিল যে, তিনি ঘুমালে নাক ডাকাতেন। এরপর বিলাল (রাযি.) এসে তাঁকে জাগালেন। তখন তিনি নতুন অযূ না করেই সালাত আদায় করলেন। তাঁর দু'আর মধ্যে এ দু'আও ছিলঃ "হে আল্লাহ! আপনি আমার অন্তরে, আমার চোখে, আমার কানে, আমার ডানে-বামে, আমার উপর-নীচে, আমার সামনে-পেছনে, আমার জন্য নূর দান করুন।

কুরায়ব (রহ.) বলেন, এ সাতটি আমার তাবূতের মত। এরপর আমি 'আব্বাসের পুত্রদের একজনের সঙ্গে সাক্ষাৎ করলাম, তিনি আমাকে এ সাতটি অঙ্গের কথা বর্ণনা করলেন এবং রগ, মাংস, চুল ও চামড়ার উল্লেখ করলেন এবং আরো দু'টির কথা উল্লেখ করেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮০: দু'আসমূহ, অধ্যায় ১০, হাঃ ৬৩১৬; মুসলিম, পর্ব ৬; মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা, অধ্যায় ২৬, হাঃ ৭৬৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন